

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী  
আইসিটি শাখা  
www.narsingdi.gov.bd

তথ্য অধিকার আইন বাস্তবায়ন অব্যবস্থা (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির আগস্ট, ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : সৈয়দা ফারহানা কাউনাইন, জেলা প্রশাসক, নরসিংদী  
তারিখ : ১৬/০৮/২০১৮ খ্রিষ্টাব্দ  
সময় : দুপুর ১২.০০টা  
স্থান : জেলা প্রশাসক, নরসিংদী এর সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযোজিত

সভাপতি তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় জেলা উপদেষ্টা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান।  
অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠের মাধ্যমে সভার কাজ গুরু করা হয়।

আলোচ্যসূচিঃ-১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী গত ১৯/০৬/২০১৮  
তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর কোন সংশোধন না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ  
করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচিঃ-২: জেলা প্রশাসক, নরসিংদী মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন  
জোরদারকরণের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। তিনি বলেন তথ্য অধিকার প্রতিষ্ঠিত হলে দুর্নীতি রোধ হয়, স্বচ্ছতা আসে এবং  
জবাবদিহির আবহ সৃষ্টি হয়। উপস্থিত বিভিন্ন কর্মকর্তা, জনপ্রতিনিধি, সুশীল সমাজ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, বিভিন্ন এনজিও,  
ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং মতামত ব্যক্ত করেন। সভায় বিস্তারিত আলোচনা  
শেষে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচিঃ-৩: এ জেলা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ শতভাগ সম্পন্ন করার জন্য নিয়োক্ত কর্মকর্তাদের সমন্বয়ে  
একটি আইসিটি সেল গঠন করা হয়ঃ

- |  |            |
|--|------------|
| ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | - আহ্বায়ক |
| ২। সহকারী কমিশনার (আইসিটি)                 | - সদস্য    |
| ৩। সহকারী প্রোগ্রামার                      | - সদস্য    |

সিদ্ধান্তসমূহ

- ১। প্রতিটি দপ্তরের আওতাধীন সভা, সেমিনার, উঠান বৈঠক ও সমাবেশে তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত  
করতে হবে।
- ২। তথ্য অধিকার আইন ২০০৯ জেলার ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে।
- ৩। জেলা প্রশাসকের ফেইসবুক পেইজটি বর্তমান নতুন প্রজন্মের নিকট খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। সুতরাং ফেইসবুক পেইজটিতে  
তথ্য অধিকার আইনটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। ইউডিসি এর মাধ্যমে জনসাধারণের মধ্যে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৫। এ জেলার এনজিও এর মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে ব্যাপক প্রচার করতে হবে।
- ৬। জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে।

৭। ইউনিয়ন পরিষদ সচিবদের ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ইউডিসি উদ্যোক্তাগণের মধ্যে একজন উদ্যোক্তাকে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং চেয়ারম্যানদের আপীল কর্তৃপক্ষ নিয়োগ করা হয়। উল্লিখিত পদধারীদের তথ্য অধিকার আইন- ২০০৯ অনুযায়ী অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে তার সনদ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদীকে দায়িত্ব প্রদান করা হয়।


৮। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও এমপিওভুক্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিয়োগ এবং উল্লিখিত পদধারীদের তথ্য অধিকার আইন- ২০০৯ অনুযায়ী অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে তার সনদ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার, নরসিংদী দায়িত্ব প্রদান করা হয়।

৯। সরকারি সাহায্যপুষ্ট ও বিদেশি তহবিলে কার্যক্রম পরিচালনা করে এমন প্রতিটি এনজিওতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিয়োগ এবং উল্লিখিত পদধারীদের তথ্য অধিকার আইন- ২০০৯ অনুযায়ী অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে তার সনদ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদীকে দায়িত্ব প্রদান করা হয়।

১০। জেলা পরিষদ ও উপজেলা পরিষদে অনুরূপভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নিয়োগ এবং উল্লিখিত পদধারীদের তথ্য অধিকার আইন- ২০০৯ অনুযায়ী অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে তার সনদ এ কার্যালয়ে জমা প্রদান করার জন্য চেয়ারম্যানদের দায়িত্ব প্রদান করা হয়।

১০। এ জেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদান ইউনিটের সংখ্যা কত তা নিধারণ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), নরসিংদীকে দায়িত্ব প্রদান করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
সেয়দা ফারহানা কাউনাইন  
জেলা প্রশাসক  
নরসিংদী  
ফোনঃ +৮৮০২৯৪৬২৫০০  
ফ্যাক্সঃ +৮৮০২৯৪৬৪৪৩৩  
E-mail: dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৬৮০০.১২২.০৭.০০৫.১৮- ১৮৭

তারিখঃ ০১ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ  
১৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৪। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

৫। .....

  
জেলা প্রশাসক  
নরসিংদী